মেহেরপুরে মোহনা টিভি সাংবাদিকের বাবার ইন্তেকাল

মোহনা টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি ফারুক আহমেদের বাবা হাজী আব্দুল বারী ইন্তেকাল করেছেন (ইন্না—রাজিউন)।

আজ শুক্রবার (৬ জুলাই) রাত ৩টার দিকে স্ট্রোকজনিত কারণে নিজ বাসভবন গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে মারা যান তিনি।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ও ২ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ শনিবার সকাল ১০টার হাড়িয়াদহ ঈদগাহ ময়দানে তার নামাজে জানাজা শেষে স্থানীয় গোরস্থান ময়দানে দাফন সম্পন্ন হয়েছে।

এদিকে ফারুক আহমেদের বাবার মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, সাবেক এমপি ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, মেহেরপুরে কর্মরত বিভিন্ন সাংবাদিকবৃন্দ শোক জানিয়েছেন।

মেহেরপুরে র্যাবের অভিযানে ফেনসিডিলসহ নানী নাতনী আটক

মেহেরপুরে ১৩২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প।

আটককৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের শামসুল হুদার স্ত্রী সুজান বেগম (৫৫) ও মুজিবনগর উপজেলার মোনাখালী

গ্রামের মধ্যপাড়া এলাকার মৃত মফিজুল ইসলামের ছেলে মোঃ লিজন মিয়া(১৯)।
সম্পর্কে তারা নানী ও নাতনী।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি মনিরুজ্জামানের নেতৃত্বে র্যাবের একটি টিম আজ শুক্রবার সকাল ৮ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১৩২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাদের আটক করেন। র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি মনিরুজ্জামান জানান, পাচারের উদ্দেশ্যে নিজ বাড়িতে মাদক মজুত করেছে এমন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালানো হয়। র্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করে। এসময় তাদের আটক করা হয়। ঘর থেকে উদ্ধার করা হয় ১৩২ বোতল ফেনসিডিল। ফেনসিডিলের আনুমানিক মুল্য মূল্য ২ লাখ ৬৪ হাজার টাকা।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য আইনে মামলা দিয়ে সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে স্ত্রীর টাকাসহ সহায়-সম্বল লুটে নিয়ে স্ত্রীকে তাড়িয়ে দেয়ার অভিযোগ

প্রথম স্বামীর সংসার ভেঙ্গে পরোকিয়া প্রেমিকের সাথে ঘর বেঁধেছিলেন কল্পনা খাতুন (৪০)। বিয়ের ছয় মাস যেতে না যেতেই শুরু হয় নির্যাতন। নির্যাতনের হাত থেকে বাঁচতে বাবার বাড়ির জমি বিক্রি করে স্বামী মনিরুল ইসলামকে কিনে দিয়েছেন পালসার মোটরসাইকেল। তারপরেও সুখে আসেনি কল্পনা খাতুনের। আবারো জমি বিক্রি করে কিনেছেন ট্রাক্টর। সেই ট্রাক্টর কল্পনার নামে দেওয়ার কথা থাকলেও প্রতারণার মাধ্যমে নিয়েছেন নিজের নামে। সব হারিয়ে কল্পনা এখন ঘুরছেন পথে পথে। ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামে।

জানা গেছে, গাংনী উপজেলার রাম কৃষ্ণপুরধলা গ্রামের আজিজুল হকের ছেলে মনিরুল ইসলাম (৪০) একই গ্রামের মৃত আবুল হোসেনের মেয়ে ও আসাদুলের স্ত্রী কল্পনা খাতুন (৪০) কে প্রেমের ফাঁদে ফেলে দেড় বছর আগে বিয়ে করে। বিয়ের পর নানা প্রলোভন দেখিয়ে স্ত্রীর গচ্ছিত নগদ টাকা ও শ্বশুরের রেখে যাওয়া সম্পত্তি বিক্রি করে প্রায় ১২ লাখ টাকা স্বামী মনিরুল ইসলাম হাতিয়ে নেয়। ঐ টাকা দিয়ে ২টি ট্রাক্টর কেনেন। ট্রাক্টর দুটি স্ত্রী কল্পনার নামে দেয়ার কথা থাকলেও অবশেষে নিজের নামে করে নিয়েছে। তারপরেও কল্পনার উপর নির্যাতন বন্ধ না হওয়ায় মনিরুলকে একটি পালসার মোটরসাইকেল কিনে দেয় কল্পনা খাতুন। মোটরসাইকেল কেনার রসিদ স্ত্রী কল্পনার নামে ইস্যু করার অপরাধে মনিরুল ইসলাম তাকে মারধর করে বাড়ি থেকে তাড়িয়ে দেয়।

অসহায় কল্পনা খাতুন তার স্বামীর সাথে যোগাযোগ করতে চাইলে মনিরুলের সহযোগীরা কল্পনাকে প্রাণনাশের হুমকি ধামকি দিয়ে ভয়ভীতি দেখায়। এঘটনায় কল্পনা খাতুন বাদি হয়ে মেহেরপুর শিশু ও নারী নির্যাতন আদালতে মামলা দায়ের করেছেন।

আজ বৃহস্পতিবার (৪ জুলাই) দুপুরের দিকে মনিরুল ইসলাম গাংনী উপজেলা শহরে আসেন। খবর পেয়ে কল্পনা খাতুন তার দেওয়া মোটরসাইকেলটি ও ১২ লাখ টাকা উদ্ধার করতে গাংনী উপজেলা শহরে আসেন।

এসময় মনিরুল ইসলাম ও তার লোকজন কল্পনা খাতুনকে ধরে টানা হেঁচড়ার পাশাপাশি কিল ঘুষি মেরে আহত করে গলার একটি স্বর্ণের চেইন ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। কল্পনা খাতুন অভিযোগ করেন রামকৃষ্ণপুর ধলা গ্রামের সদ্য প্রয়াত মেম্বর আনারুল ইসলামের ছেলে লাল্টু তাকে কিল মেরে স্বর্ণের চেইনটি ছিনিয়ে নিয়ে নিয়েছে। এসময় অসংখ্য লোকজন জড়ো হয়। ধ্বস্তাধস্তির এক পর্যায়ে মনিরুল ইসলাম মোটর সাইকেল নিয়ে পালিয়ে যায়।

কল্পনা খাতুন আরো জানায়, মনিরুল ইসলাম আমার সাথে প্রতারণা করে আমার সব লুটে নিয়েছে। আমার বাবার মাঠান জমি (দেড় বিঘা) বিক্রি করে ১৫ লাখ টাকা, বাড়ির ৪ শতাংশ জমি বিক্রির টাকা আমাকে ফুসলিয়ে হাতিয়ে নিয়েছে। আমাকে এখন পথের ভিখেরি বানিয়েছে। সে এখন আমার কোন খোঁজ খবর নেয় না। আমি আমার ১২ লাখ টাকা ফেরত চাই। ন্যায্য টাকা ফেরত পেতে এবং প্রাণনাশের হুমকির বিরুদ্ধে থানায় মামলা করবেন বলেও জানান তিনি।

এদিকে ধলা গ্রামের একাধিক ব্যক্তি জানান, কল্পনা যা বলছে তা সব সত্য। তারা বলেন, প্রেমের প্রলোভন দেখিয়ে তার সোনার সংসার নষ্ট করেছে মনিরুল ইসলাম। তার আগের পক্ষের একটি কণ্যা সন্তান রয়েছে। সেই সন্তানকেও দেখে না।

এ ব্যপারে মনিরুল ইসলামকে ফোন দিলে তার চাচাতো ভাই শিমুল (একজন অবৈধ মাটি ব্যবসায়ী) জানান, আপনারা মনিরুল কে দায়ী না করে কল্পনাকে নিয়ে লিখতে পারেন। মনিরুল নির্দোষ। মনিরুলের বিরুদ্ধে কিছু লিখবেন না। সে কল্পনার সাথে প্রতারণা করেনি। কল্পনা কোন টাকা পয়সা পাবে না। সোনার চেইন ছিনতাইয়ের ঘটনা সম্পুর্ণ মিথ্যা। এ রিপোর্ট লিখা পর্যন্ত কল্পনা আদালতে মামলার প্রস্তুতি নিচ্ছিল।

মেহেরপুরে রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধা জিল্লুরের দাফন সম্পন্ন

রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত কৃষি কর্মকর্তা জিল্লুর রহমানের দাফন সম্পন্ন হয়েছে।

আজ বৃহস্পতিবার (৪ জুলাই) বিকাল সাড়ে ৫ টার সময় গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিকভাবে গার্ড অফ অনার শেষে স্থানীয় কবরস্থানে তাকে দাফন করা হয়। এর আগে একই স্থানে তার নামাযের জানাযা অনুষ্ঠিত হয়।

জিল্লুর রহমান স্ত্রী, ১ ছেলে, ৩ মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী ও সহকর্মী মুক্তিযোদ্ধাদের রেখে গেলেন।

মুক্তিযোদ্ধা জিল্লুর রহমানের দাফনের আগে মেহেরপুর সদর থানা পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন। এসময় সদর উপজেলা সহকারি কমিশনার (ভূ’মি) ও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান অভিবাদন গ্রহণ করেন।

মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের বিভিন্ন পর্যায়ের মুক্তিযোদ্ধাবৃন্দসহ গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এর আগে মুক্তিযোদ্ধার জিল্লুর রহমানের ছেলে হাসান হাফিজুর রহমান, বৃহস্পতিবার (৪ জুলাই) সকালে তিনি গোভিপুরস্থ নিজ বাসভবনে অসুস্থ হয়ে পড়েন। পরে সকাল ৮ টার দিকে হৃদযন্ত্রের ক্রিয়া মারা যান।

গাংনীতে সড়ক দুর্ঘটনার আহত বৃদ্ধ তাইজাল মারা গেছেন

সড়ক দুর্ঘটনার দেড় মাস পর আহত বৃদ্ধ তাইজাল হোসেন (৮০) মারা গেছেন। আজ বৃহস্পতিবার ভোরে গাংনী উপজেলার কড়ইগাছি গ্রামের নিজ বাড়িতে মারা যান তিনি।

তাইজাল হোসেন ওই গ্রামের মৃত জিল্লুর রহমানের ছেলে। পারিবারিক সূত্র এই বিষয় নিশ্চিত করেছেন।

জানা গেছে, কড়ইগাছি গ্রামের বৃদ্ধ তাইজাল আলী তার বাড়ির সামনের রাস্তা দিয়ে যাওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কায় আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। কয়েকদিন চিকিৎসা নিয়ে বাড়িতে ফিরে আসেন তিনি। তারপর থেকেই বাড়িতেই ওষধ খাচ্ছিলেন। আজ সকালে মারা যান তিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে কলেজ শিক্ষক নিহতের ঘটনায় ইজিবাইক চালক আটক

সিসিটিভি ফুটেজ দেখে সনাক্ত করেই মেহেরপুর শহরের সড়ক দুর্ঘটনায় নিহত কলেজ শিক্ষক নিহতের ঘটনায় ঘাতক ইজিবাইক চালক মোহাম্মদ আলী
(১৯) কে আটক করেছে পুলিশ। জব্দ করা হয়েছে ব্যাটারী চালিত ইজিবাইকটিও।

আটক মোহাম্মদ আলী মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামের ফকির আলীর ছেলে। ভোরে আসামী মোহাম্মদ আলীকে তার গ্রামের বাড়ি গোভিপুর থেকে আটক করা হয়।

এর আগে গতকাল বুধবার (৩ জুলাই) রাতে নিহত কলেজ শিক্ষক ওহিদুল ইসলামের ছেলে মোঃ শাহরিয়ার কবির আকিব বাদি হয়ে সদর থানায় অজ্ঞাতনামা আসামি করে একটি অভিযোগ দায়ের করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, শহরের বিভিন্ন সিসিটিভি ফুটেজ পরিক্ষা করে ঘাতক ইজিবাইকের চালককে সনাক্ত করা হয়। ‘দূর্ঘটনার পর থেকেই সদর থানা পুলিশের একাধিক দল বিষয়টি নিয়ে কাজ করছিলো।

উল্লেখ্য, গত মঙ্গলবার (২ জুলাই) রাত শহরের বড় বাজার টিএনটি রোডে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় কলেজ শিক্ষক ওহিদুল ইসলামের নিহত হন। তিনি মুজিবনগর ডিগ্রি কলেজের রসায়ন বিভাগের শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন।

গাংনীতে পিকেএসএফের উদযোগে

বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত

গাংনীতে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বেলা ১২ টার সময় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির বাঁশবাড়িয়া প্রধান কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান আলোচক হিসেবে প্রাণি সম্পদ নিয়ে আলোচনা করেন জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা: দিবেন্দ্র নাথ সরকার। গাংনী উপজেলা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা: মো: আরিফুল ইসলাম।

সমন্বিত কৃষি ইউনিট এর প্রাণি সম্পদ খাতের আওতায় সুবর্ণ জাতের মুরগি পালন,খামারিদের ন্যায্যমুল্য নিশ্চিত করন উন্নত জাতের ডিম ও মাংস উৎপাদনের বিষয়ে আলোচনায় গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।

আলোচনায় বক্তব্য রাখেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক মো: কামরুজ্জামান।

পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) অর্থায়নে কর্মশালা বাস্তবায় করে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)।

বিভিন্ন গ্রামের বিভিন্ন পর্যায়ের খামারী,ব্যবসায়ীরা কর্মশালায় অংশ গ্রহন করেন।

মেহেরপুরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে মূল্যবোধের অবক্ষয়, জঙ্গিবাদ ও মাদকাসক্ত এবং শিশু নির্যাতনের বিরুদ্ধে সংস্কৃতি শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২০২৪ এর আয়োজন করা হয়েছে।

জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে বুধবার (৩ জুলাই) বিকেলে ৫ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।এছাড়াও এসময় পুলিশ সুপার এস এম নাজমুল হক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শামীম ভূঁইয়া, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, জান্নাতুল ফেরদৌস, নাসরিন সুলতানা, শেখ তৌহিদুল কবীর, বিজ্ঞ পিপি পল্লব ভট্টাচার্য, জেলা শিল্পকলা একাডেমী সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এ সময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পবৃন্দ সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে দর্শকের মন জয় করে।

মেহেরপুরে রাস্তা ও ড্রেনের কাজের উদ্বোধন করলেন পৌর মেয়র

মেহেরপুরের ৮ নাম্বার ওয়ার্ড হোটেল বাজার পাড়াই ৩৩ লক্ষ টাকার রাস্তা ও ড্রেনের কাজের উদ্বোধন করেছেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বুধবার (৩ জুলাই) বিকেলে পৌর এলাকার ৮ নং ওয়ার্ডে দোয়া মোনাজাতের মাধ্যমে এই নির্মাণ কাজের উদ্বোধন করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানে ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবির (রিপন), ৭,৮,৯ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর মোছাঃ রোকসানা কামাল রুনু, পৌর যুবলীগের যুগ্ন সাধারণ সম্পাদক শহিদুজ্জামান সুইট, মোঃ শাহজাহান প্রমুখ উপস্থিত ছিলেন।

পৌর মেয়র মাহফুজুর রহমান জানায়, মেহেরপুরের পৌর এলাকার ৮

নাম্বার ওয়ার্ডে হোটেল বাজার পাড়ায় ৩৩ লক্ষ টাকা ব্যয়ে রাস্তা ও ড্রেন নির্মাণ করা হবে।

মেহেরপুরে এনটিভির ২২ তম জন্মদিনে ব্যতিক্রমী আয়োজন

ব্যতিক্রম ধর্মী আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে দেশের অন্যতম স্যাটেলাইট চ্যানেল এন টিভির ২২ তম জন্মদিন পালিত হয়েছে।

বুধবার দুপুরে গাংনীর ঢেপা এতিমখানা ও হাফিজিয়া মাদ্রাসায় এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।
এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

দোয়া মোনাজাত শেষে এতিমখানার শিশু ও অতিথিবৃন্দ এক সাথে বসে দুপুরের খাবার খান। অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম কুমার গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদউদ্দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, ইন্ডিপেন্ডেন্ট টিভির জেলা প্রতিনিধি রাজিবুল হক সুমন সহ জেলায় কর্মরত সাংবাদিকরা।

অনুষ্ঠানে বক্তারা বাংলাদেশ স্যাটেলাইট টেলিভিশনে এনটিভির বিগত দিনের কার্যক্রম নিয়ে আলোচনা করেন। বক্তারা বলেন, বাংলাদেশের টেলিভিশন জগতে এনটিভি একটা বিশেষ স্থান অর্জন করেছে, তাদের সংবাদের মান অনুষ্ঠানের পরিকল্পনা সাধারণ জনগণের কাছে দারুণভাবে সমাদৃত হয়েছে। তারা এনটিভির আগামী দিনের শুভেচ্ছা কামনা করেন।